



তারিখ : ১০ সেপ্টেম্বর, ২০১৫

স্মারক নং : রিহাব (অপা: ডি: ০০৭)/নি.ফে.-২০১৫-৩/ ২০১৫/৫৬২৪

বরাবর

রিহাব হাউজিং ফেয়ার, নিউইয়র্ক- ২০১৫-এ

অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ।

বিষয়: রিহাব হাউজিং ফেয়ার, নিউইয়র্ক- ২০১৫ - এর তারিখ পরিবর্তন প্রসঙ্গে।

জনাব

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, রিহাবের পক্ষ থেকে আগামী ১০-১২ অক্টোবর ২০১৫ তারিখ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে “রিহাব হাউজিং ফেয়ার, নিউইয়র্ক ২০১৫” আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে ভেন্যু হিসেবে “এনটিভি ভবন”, (Sound view broadcasting LLC. 3601 37TH Avenue Astoria, NY 11101, USA)- এ তিন (৩) দিন ব্যাপী এই ফেয়ারের অয়োজন করা হয়েছে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের অনুরোধের প্রেক্ষিতে ও ভিসা সংক্রান্ত সকল প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে রিহাব ফেয়ার স্ট্যাডিং কমিটি “রিহাব হাউজিং ফেয়ার, নিউইয়র্ক ২০১৫”- এর পূর্ব নির্ধারিত তারিখ পরিবর্তন করে আগামী ২৩-২৫ অক্টোবর, ২০১৫ তারিখ একই ভেন্যুতে উক্ত ফেয়ারটি অনুষ্ঠিত হবে, এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

“রিহাব হাউজিং ফেয়ার, নিউইয়র্ক ২০১৫”- এর তারিখ পরিবর্তনের বিষয়টি আপনাদেরকে অবহিত করা হলো।

ধন্যবাদান্তে

মোঃ ওয়াহিদুজ্জামান

ভাইস-প্রেসিডেন্ট (এ্যাডমিন)

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ।

